| তীরসংরক্ষন- ২৬/বুড়িতিস্তা/ নীলফামারী | বুড়িতিস্তা নদীর বামতীরে কিঃমিঃ ৮.০০০ হতে কিঃমিঃ ৮.৩০০ পর্যন্ত স্থানে নদীতীর সংরক্ষন কাজ। | পরিকল্পনা: ৪৩১.৪৮ | ওটিএম (এনসিটি) | DoFP মোতাবেক | ০২/০৬/২০২১ | Bhorer Kagoj | ১৭/০৯/২০২০ | ২১/১০/২০২১ | ১৪/১১/২০২১ | ৪০২.৪২, তাং- ১৮/১১/২০২১ | ৩৭১.৭৮ | ৩০/০৪/২০২৩ | ৩০/০৪/২০২৩ |
| | | প্রকৃত: ৪২৪.২৪ | ওটিএম (এনসিটি) | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | ০৫/১০/২০২১ | | | | | | | ২১/১১/২০২২ | ২৫/০৬/২০২৩ (বর্ধিত) |
| | | ব্যত্যয়: ৭.২৪ | - | - | ১২৫ দিন | | | | | | | ১৬০ দিন | ৫৬ দিন |

## সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

| প্রকল্প দলিল অনুযায়ী | | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | ক্রয় পদ্ধতি ও ধরন | ক্রয় অনুমোদনকারী | দরপত্র আহবানের তারিখ | সংবাদপত্রের নাম | দরপত্র উন্মুক্ত করার তারিখ | অনুমোদনের তারিখ | LOA প্রদানের তারিখ | চুক্তিমূল্য ও তারিখ | প্রকৃত ব্যয় | সমাপ্তি তারিখ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| প্যাকেজ নং | প্যাকেজের বর্ণনা | | | | | | | | | | | চুক্তি অনুযায়ী | প্রকৃত |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) |
| প্রশিক্ষণ-১ | বৈদেশিক প্রশিক্ষণ | পরিকল্পনা: ১০০.০০ | ডিপিএম (এনসিটি) | প্রকল্পটির রাজস্ব খাতে বৈদেশিক প্রশিক্ষণ এর অঙ্গ অন্তর্ভুক্ত থাকলেও কোভিড-১৯ কালীন সময় এবং পরবর্তী বৈশ্বিক মন্দা অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারী ব্যয়ে কৃচ্ছ্রতা সাধনের লক্ষ্যে বৈদেশিক ভ্রমণ/ওয়ার্কশপ/সেমিনারে অংশগ্রহণ বন্ধ রাখা হয়। সর্বশেষ ২০২৩-২৪ অর্থবছরে পরিচালন/উন্নয়ন বাজেটের কতিপয় ব্যয় হ্রাসকরণ/স্থগিতের অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পরিপত্রের স্মারক নং- ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০১; তারিখঃ ০২/০৭/২০২৩ খ্রিঃ। | | | | | | | | | |
| | | প্রকৃত: ০.০০ | - | | | | | | | | | | |
| | | ব্যত্যয়: ১০০.০০ | - | | | | | | | | | | |

## গ. আর্থিক ও বাস্তব লক্ষ্যমাত্রা এবং অর্জন

২৪. মূল এবং সর্বশেষ সংশোধিত প্রকল্প দলিল অনুযায়ী প্রকল্পের বছরভিত্তিক আর্থিক বাস্তব লক্ষ্যমাত্রা:

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | আর্থিক ও বাস্তব লক্ষ্যমাত্রা (মূল প্রকল্প দলিল অনুযায়ী) | | | | আর্থিক ও বাস্তব অর্জন (সর্বশেষ সংশোধিত প্রকল্প দলিল অনুযায়ী | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | নিজস্ব অর্থায়ন/ অন্যান্য | বাস্তব (%) | মোট | জিওবি | নিজস্ব অর্থায়ন/ অন্যান্য | বাস্তব (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২০১৮-১৯ | ১৬১১.৩৩ | ১৬১১.৩৩ | - | ১০.৯১% | - | - | - | - |
| ২০১৯-২০ | ৪১৯৬.৪২ | ৪১৯৬.৪২ | - | ২৮.৪৪% | ২১০.৭৯ | ২১০.৭৯ | - | ১.২৫% |
| ২০২০-২১ | ৪৩৮৯.৩১ | ৪৩৮৯.৩১ | - | ২৯.৭৫% | ৫০০০.০০ | ৫০০০.০০ | - | ২৯.৫৪% |
| ২০২১-২২ | ৪৫৫৮.৯৩ | ৪৫৫৮.৯৩ | - | ৩০.৯০% | ৭৮১৩.৮৩ | ৭৮১৩.৮৩ | - | ৪৬.১৯% |
| ২০২২-২৩ | - | - | - | - | ৩৮৯৩.৭৯ | ৩৮৯৩.৭৯ | - | ২৩.০২% |
| সর্বমোট= | ১৪৭৫৫.৯৯ | ১৪৭৫৫.৯৯ | - | ১০০.০০% | ১৬৯১৮.৪১ | ১৬৯১৮.৪১ | - | ১০০.০০% |

২৫. সংশোধিত এডিপি বরাদ্দ ও বাস্তব লক্ষ্যমাত্রা এবং আর্থিক ও বাস্তব অর্জন:

(লক্ষ টাকায়)

| অর্থবছর | সংশোধিত বরাদ্দ ও বাস্তব লক্ষ্যমাত্রা | | | | অর্থছাড় জিওবি | আর্থিক ও বাস্তব অর্জন | | | | অব্যয়িত ছাড়কৃত জিওবি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | নিজস্ব অর্থায়ন | বাস্তব (%) | | মোট | জিওবি | নিজস্ব অর্থায়ন | বাস্তব (%) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ২০১৮-১৯ | ০.০০ | ০.০০ | - | | ০.০০ | ০.০০ | ০.০০ | - | - | - |
| ২০১৯-২০ | ২৫০.০০ | ২৫০.০০ | - | ১.৭১% | ২৫০.০০ | ২০৯.৭১ | ২০৯.৭১ | - | ১.৭১% | ৪০.২৯ |
| ২০২০-২১ | ৫৪০০.০০ | ৫৪০০.০০ | - | ৩৩.৯০% | ৩৮৭২.০০ | ৩৮৬৯.৩৭ | ৩৮৬৯.৩৭ | - | ৩৩.৯০% | ২.৬৩ |
| ২০২১-২২ | ৪০০০.০০ | ৪০০০.০০ | - | ২১.০১% | ৩৯৭২.৫০ | ৩৭১২.১৭ | ৩৭১২.১৭ | - | ২১.০১% | ২৬০.৩৩ |
| ২০২২-২৩ | ৬০০০.০০ | ৬০০০.০০ | - | ৩০.৩৮% | ৪১৯৫.০৯ | ৪১৯০.১২ | ৪১৯০.১২ | - | ৩০.৩৮% | ৪.৯৭ |
| ২০২৩-২৪ | ২৩৩৫.০০ | ২৩৩৫.০০ | - | ১৩.০০% | ২২৭২.৯৫ | ২২৬৬.০৫ | ২২৬৬.০৫ | - | ১৩.০০% | ৬.৯০ |
| সর্বমোট= | ১৭৯৮৫.০০ | ১৭৯৮৫.০০ | - | ১০০.০০% | ১৪৫৬২.৫৪ | ১৪২৪৭.৪২ | ১৪২৪৭.৪২ | - | ১০০.০০% | ৩১৫.১২ |

## ঘ. প্রকল্পের উদ্দেশ্য অর্জন

২৬. প্রকল্পের উদ্দেশ্য, প্রকৃত অর্জন ও উদ্দেশ্য অর্জনে ঘাটতির কারণ (যদি থাকে):

| প্রকল্প দলিল অনুযায়ী প্রকল্পের উদ্দেশ্য | প্রকৃত অর্জন | অর্জনে ঘাটতি থাকলে তার কারণ |
|---|---|---|
| (১) নীলফামারী জেলার সদর উপজেলাধীন চাপড়া ইউনিয়ন এবং কিশোরগঞ্জ উপজেলার নিতাই ইউনিয়নে লুপ-কাটিংসহ চারালকাটা নদীর ভাঙ্গন রোধ; | চাড়ালকাটা নদীর সর্পিলাকার প্রায় ১০ কিঃমিঃ এলাকায় ব্যাপক নদী ভাঙ্গনজনিত সমস্যা সমাধানের উদ্দেশ্যে ৭৫০ মিটার লুপ কাটিং সহ স্থানটিতে ১.৫০ কিঃমিঃ প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন করা হয়েছে। পাশাপাশি লুপের উজান এবং ভাটিতে পানি সমতলের অধিক মাত্রায় পার্থক্যের জন্য একটি ড্রপ স্ট্রাকচার ও ব্রীজ নির্মান করা হয়েছে। এতে করে এলাকাটিতে নদী ভাঙ্গন হ্রাস পেয়েছে এবং প্রকল্প এলাকায় জনসাধারণের আর্থ-সামাজিক উন্নয়ন সাধিত হয়েছে। | ঘাটতি পরিলক্ষিত হয়নি। |

| প্রকল্প দলিল অনুযায়ী প্রকল্পের উদ্দেশ্য | প্রকৃত অর্জন | অর্জনে ঘাটতি থাকলে তার কারণ |
|---|---|---|
| (২) জলঢাকা উপজেলায় বুড়িতিস্তা নদীর ডান ও বাম তীরের ভাংগন হতে বুড়িতিস্তা বন্যা নিয়ন্ত্রণ বাঁধ রক্ষাকরণ | জলঢাকা উপজেলায় বুড়িতিস্তা নদীর ডান ও বাম তীরে মোট ২.৮৩ কিঃমিঃ নদীতীর সংরক্ষন কাজ বাস্তবায়িত হয়েছে। এতে উভয় তীরবর্তী বন্যা নিয়ন্ত্রন বাঁধ এবং প্রকল্প এলাকার বিভিন্ন অবকাঠামো নদী ভাঙ্গান হতে রক্ষা পেয়েছে। | ঘাটতি পরিলক্ষিত হয়নি। |
| (৩) প্রকল্প এলাকায় বন্যার প্রকোপ হ্রাসপূর্বক খাদ্যশষ্য উৎপাদান বৃদ্ধিকরণ; | প্রকল্প এলাকায় বাঁধ পুনরাকৃতিকরণ ও নদীতীর সংরক্ষন কাজ বাস্তবায়নের ফলে বন্যার পানি হতে আবাদি জমির ফসল রক্ষা পেয়েছে, প্রকল্প এলাকার কৃষকদের বক্তব্য অনুযায়ী এতে ফসলের উৎপাদন ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে। | ঘাটতি পরিলক্ষিত হয়নি। |
| (৪) প্রকল্প এলাকায় পরিবেশ, জীব-বৈচিত্র রক্ষা ও বসবাসরত (৪.০ লক্ষাধিক) জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি সাধন করা। | প্রকল্পের আওতায় নদী খনন কাজ বাস্তবায়নের ফলে নদীর গভিরতা বৃদ্ধি পেয়েছে, পাশাপাশি নদী তীর সংরক্ষন কাজ বাস্তবায়নের ফলে নদীর গতিপথ ও পানির প্রবাহ স্বাভাবিক মাত্রায় ফিরে এসেছে ফলস্রুতিতে এলাকার পরিবেশ ও জীব বৈচিত্রের মানোন্নয়ন হয়েছে। একইসাথে নদী ভাঙ্গান রোধের কারনে বাস্তুচ্যুত মানুষের নিরাপদ আশ্রয়, ভূমির মূল্যবৃদ্ধি সহ আর্থ সামাজিক অবস্থার উন্নতি হয়েছে। | ঘাটতি পরিলক্ষিত হয়নি। |

## ৬. বেনিফিট বিশ্লেষণ

২৭. বার্ষিক আউটপুট:

| আউটপুটসমূহ | একক | প্রত্যাশিত উৎপাদনের পরিমাণ (পূর্ণ মাত্রায় কার্যকর হলে) | পূর্ণমাত্রায় কার্যকর হবার পর ১ম বছরের প্রকৃত উৎপাদনের পরিমাণ |
|---|---|---|---|
| ১) বন্যা থেকে স্থায়ী ফসলের রক্ষা | মেঃ টন | ১১১১.৫০ | প্রকল্পটি সম্প্রতি জুন/২০২৪ মাসে সমাপ্ত হয়েছে। প্রকৃত আউটপুট/উৎপাদনের পরিমান প্রকল্প সমাপ্তির এক বছর পরে নিরূপন করা যেতে পারে। |
| ২) বাড়ি (পাকা) | সংখ্যা | ১৫০০ | |
| ৩) ঘর (সেমি-পাকা) | সংখ্যা | ৯৯৭ | |
| ৪) ঘর (কাঁচা) | সংখ্যা | ৬৩১৬ | |
| ৫) পাকা রাস্তা | কিঃমিঃ | ৩৬.০০ | |
| ৬) কাঁচা রাস্তা | কিঃমিঃ | ৫০.০০ | |
| ৭) ব্রিজ ও কালভার্ট | সংখ্যা | ২৭ | |
| ৮) হাট, বাজার (দোকান সহ) | সংখ্যা | ৬ | |
| ৯) স্কুল, কলেজ, মাদ্রাসা ইত্যাদি | সংখ্যা | ২৫ | |
| ১০) মসজিদ, মন্দির | সংখ্যা | ৫৭ | |
| ১১) অটো রাইস/ফ্লাওয়ার মিল | সংখ্যা | ৭ | |
| ১২) পোল্ট্রি ফার্ম | সংখ্যা | ২৭ | |
| ১৩) ইউনিয়ন পরিষদ | সংখ্যা | ৩ | |
| ১৪) কমিউনিটি ক্লিনিক | সংখ্যা | ৫ | |
| ১৫) কবরস্থান | সংখ্যা | ১৩ | |
| ১৬) লিচু বাগান | সংখ্যা | ৯ | |
| ১৭) আম বাগান | সংখ্যা | ১২ | |
| ১৮) নদী ভাঙ্গান থেকে কৃষি জমির রক্ষা | হেক্টর | ৩৬০ | |
| ১৯) লুপ কাট এবং ক্লোজার নির্মাণের ফলে পুনরুদ্ধারকৃত ভূমি থেকে প্রাপ্ত সুবিধা | হেক্টর | ৫০ | |

২৮. কস্ট বেনিফিট:

| বিবরণ | প্রাক্কলিত | প্রকৃত |
|---|---|---|
| (১) প্রকল্পের বেনিফিট কস্ট - এর অনুপাত | | প্রকল্পের প্রকৃত বেনিফিট কস্ট - এর অনুপাত (BCR) এবং ইনটারনাল রেট অব রিটার্ন (IRR) সমাপ্তির এক বছর পরে মূল্যায়ন করা যেতে পারে। |
| (ক) আর্থিক | ১.৭২ ঃ ১.০০ | |
| (খ) অর্থনৈতিক | ২.৬২ ঃ ১.০০ | |
| (২) ইনটারনাল রেট অব রিটার্ন | | |
| (ক) আর্থিক | ২২.৭৮% | |
| (খ) অর্থনৈতিক | ৩১.৬০% | |

২৯. প্রকল্পের প্রত্যাশিত ও প্রকৃত বেনিফিটের মধ্যে কোন ঘাটতি থাকলে তার কারণ উল্লেখ করুন:

প্রকল্পটি গত জুন/২০২৪ মাসে সমাপ্ত হয়েছে। প্রকল্পের প্রকৃত বেনিফিট কস্ট - এর অনুপাত (BCR) এবং ইনটারনাল রেট অব রিটার্ন (IRR) সমাপ্তির এক বছর পরে মূল্যায়ন করা যেতে পারে।

## চ. পরিবীক্ষণ ও নিরীক্ষণ

৩০. প্রকল্প বাস্তবায়নকালের পরিবীক্ষণ সংক্রান্ত:

| পরিবীক্ষণকারী কর্মকর্তার নাম ও পদবি | পরিবীক্ষণের তারিখ | উল্লেখযোগ্য সমস্যা | সুপারিশসমূহ | সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ক) আইএমইডি | | | | |
| মুহাম্মদ সাইফুর রহমান, উপ-পরিচালক, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | ০৯-০৬-২০২২ হতে ১০-০৬-২০২২ | পরীলক্ষিত হয়নি | নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করার জন্য কাজের গতি ত্বরান্বিত করতে হবে পাশাপাশি সাইটে প্রয়োজনীয় ইকুইপমেন্ট এবং পর্যাপ্ত নির্মাণ সামগ্রী মজুত রাখতে হবে। | পর্যাপ্ত মোবিলাইজেশন এবং মনিটরিং এর মাধ্যমে প্রকল্পটি অনুমোদিত বর্ধিত জুন/২০২৪ মাসে সমাপ্ত হয়েছে। |
| জনাব খলিল আহমেদ, পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর- ৪, আইএমইডি | ১১-১২-২০২১ | | খননকৃত বালুর সঠিক ব্যবস্থাপনা সহ প্রতিরক্ষা কাজের যে সমস্ত স্থানের ব্লক ক্ষতিগ্রস্ত হয়েছে সেসব জায়গা দ্রুত মেরামত করতে হবে। সঠিক সাইজের স্টোন ব্যবহার করতে হবে, জমি অধিগ্রহণের চেক দ্রুত বন্টনের জন্য সংশ্লিষ্ট প্রশাসনের জন্য যোগাযোগ বৃদ্ধি করতে হবে। | খননকৃত বালু বাঁধ নির্মান কাজে ব্যবহৃত হয়েছে অবশিষ্ট বালু উপজেলা প্রশাসনের মাধ্যমে নিলামকরন চলমান রয়েছে। মান সম্পন্ন স্টোন চিপস ও নির্মান উপকরন ব্যবহার করে ঢালাইয়ের কাজ বাস্তবায়িত হয়েছে যা বাপাউবোর জোনাল ল্যাবরেটরি হতে পরীক্ষাকৃত। ক্ষতিগ্রস্ত জমির মালিকের প্রাপ্য চেক প্রকল্প সমাপ্তির পূর্বেই সকলের নিকট বন্টন করা হয়েছে। |
| খ) মন্ত্রণালয়/সংস্থা: | | | | |
| এস. এম. রেজাউল মোস্তফা কামাল, অতিরিক্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় | ০৯-০৬-২০২২ হতে ১০-০৬-২০২২ | পরীলক্ষিত হয়নি | বুড়িতিস্তা বাঁধের যে সমস্ত স্থানে নদী খননের মাটি/বালু দেয়া হয় নাই, সেসমস্ত স্থানে পর্যাপ্ত পরিমাণ বালু প্রদান করতে হবে। কাজ শেষে বাঁধের দুই ঢালে বৃক্ষরোপন করতে হবে। | নদীর খননকৃত বালু দ্বারা বাঁধের পুনরাকৃতিকরন কাজ এবং বন বিভাগের মাধ্যমে বাঁধের ঢালে বৃক্ষরোপন কাজ সমাপ্ত হয়েছে। |
| এ এইচ এম আনোয়ার পাশা, উপসচিব, পানি সম্পদ মন্ত্রণালয় | ০৯-০৬-২০২২ হতে ১০-০৬-২০২২ | পরীলক্ষিত হয়নি | কনক্রীট কাস্টিং এর প্ল্যাটফরম যথাযথ হতে হবে যেন ব্লকের ফিনিশিং মানসম্মত হয়, Specification অনুযায়ী | বালু সহ অন্যান্য নির্মান উপকরন ও ব্লক কাস্টিং সাইটের গুনগত মান নিশ্চিত |

| পরিবীক্ষণকারী কর্মকর্তার নাম ও পদবি | পরিবীক্ষণের তারিখ | উল্লেখযোগ্য সমস্যা | সুপারিশসমূহ | সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা |
|---|---|---|---|---|
| | | | নির্মাণ কাজে ব্যবহারকৃত বালির FM নিশ্চিত করতে হবে | করেই কাজ বাস্তবায়ন করা হয়েছে। |
| মোহাম্মদ মোবাশশেরুল ইসলাম, উপসচিব, পানি সম্পদ মন্ত্রণালয় | ০৯-০৬-২০২২ হতে ১০-০৬-২০২২ | পরীলক্ষিত হয়নি | মানসম্মত কাজের লক্ষ্যে নির্মাণ সামগ্রীর গুণাগণ বুয়েট অথবা রুয়েট এর ল্যাবরেটরী থেকে পরীক্ষা করে প্রাপ্ত রিপোর্ট সংরক্ষণ করতে হবে। | বিভিন্ন নির্মাণ সামগ্রীর গুনগত মান বুয়েট /রুয়েট/বাপাউবোর জোনাল ল্যাবরেটরি হতে পরীক্ষা করা হয়েছে। |
| মোঃ শাজাহান আলি, সিনিয়র সহকারী সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় | ০৯-০৬-২০২২ হতে ১০-০৬-২০২২ | পরীলক্ষিত হয়নি | নিয়মিত সাইট মনিটরিং করতে হবে এবং কাজ বাস্তবায়নের পূর্বের এবং পরের ছবি সংরক্ষণ করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্তৃক নিবিড়ভাবে সাইট তদারকি করা হয়েছে এবং কাজের পূর্বের ও পরের ছবি সংরক্ষণ করা হয়েছে। |
| পলাশ কুমার ব্যানার্জী, নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর বাপাউবো, ঢাকা | ০৯-০৬-২০২২ হতে ১০-০৬-২০২২ | পরীলক্ষিত হয়নি | যথাযথ Specification এবং Design অনুসরণ করে নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ শেষ করতে হবে। | যথাযথ ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ করে প্রকল্পটি অনুমোদিত বর্ধিত জুন/২০২৪ মাসে সমাপ্ত হয়েছে। |
| মোঃ নুরে হেলাল, পরিচালক, প্রকল্প মুল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা | ০৯-০৬-২০২২ হতে ১০-০৬-২০২২ | পরীলক্ষিত হয়নি | যথাযথ Specification এবং Design অনুসরণ করে নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ শেষ করতে হবে। | যথাযথ ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ করে প্রকল্পটি অনুমোদিত বর্ধিত জুন/২০২৪ মাসে সমাপ্ত হয়েছে। |
| জান্নাতুল ফেরদৌস, নির্বাহী প্রকৌশলী, ডিজাইন সার্কেল-৬, বাপাউবো, ঢাকা | ০৯-০৬-২০২২ হতে ১০-০৬-২০২২ | পরীলক্ষিত হয়নি | যথাযথ Specification এবং Design অনুসরণ করে নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ শেষ করতে হবে। | যথাযথ ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ করে প্রকল্পটি অনুমোদিত বর্ধিত জুন/২০২৪ মাসে সমাপ্ত হয়েছে। |
| মুহাম্মদ আমিরুল হক ভূঞা, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিওন), বাপাউবো, ঢাকা। | ২৮/১০/২০২৩ | পরীলক্ষিত হয়নি | অনুমোদিত ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরন করে নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ শেষ করতে হবে। | যথাযথ ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ করে প্রকল্পটি অনুমোদিত বর্ধিত জুন/২০২৪ মাসে সমাপ্ত হয়েছে। |
| মোঃ মাহবুবর রহমান, প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর | একাধিক বার | পরীলক্ষিত হয়নি | মাটির কাজের ক্ষেত্রে যথাযথ কম্পাকশন এবং আরসিসি কাজের ক্ষেত্রে মান সম্পন্ন নির্মান উপকরন ব্যবহার করে কঠোর তদারকির মাধ্যমে কাজ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। | মাটির কাজে যথাযথ কম্পাকশন এবং আরসিসি কাজের ক্ষেত্রে মান সম্পন্ন নির্মান উপকরন ব্যবহার করে কাজ বাস্তবায়িত হয়েছে এবং ল্যাবরেটরি টেস্টে সন্তোষজনক রেজাল্ট পাওয়া গেছে। |
| উম্মে মাহফুজা হক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-০৬, বাপাউবো, ঢাকা | ২৯/০৪/২০২৪ | প্রতিরক্ষা কাজের স্লোপের কিছু স্থানে Pitching Block এর মাঝে মাঝে বেশ কিছু Big | প্রতিরক্ষা কাজের গ্যাপ গুলি সি.সি ঢালাইয়ের মাধ্যমে দ্রুত ভরাট করতে হবে, Dyke/Closure নির্মানের পর অতিরিক্ত মাটি অপসারন করতে হবে এবং নকশানুযায়ী টার্ফিং এর কাজ সম্পন্ন করতে হবে। | প্রতিরক্ষা কাজের গ্যাপ গুলি সি সি ঢালাই এর মাধ্যমে বন্ধ করা হয়েছে। খননকৃত মাটি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে নিলামকরণ প্রক্রিয়া চলমান রয়েছে। নকশা |

| পরিবীক্ষণকারী কর্মকর্তার নাম ও পদবি | পরিবীক্ষণের তারিখ | উল্লেখযোগ্য সমস্যা | সুপারিশসমূহ | সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা |
|---|---|---|---|---|
| | | Gap পরিলক্ষিত হয়েছে। | | অনুযায়ী টার্ফিং কাজ সম্পন্ন হয়েছে। |
| এ. টি. এম. রেজাউর রহমান, নির্বাহী প্রকৌশলী (পুর), কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসুরেন্স সেল (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা। | ২৯/০৪/২০২৪ | বাঁধের উপরিভাগ ও ঢালে রেইনকাট সহ বড় গর্তের সৃষ্টি হয়েছে। | অতিদ্রুত অনুমোদিত ডিজাইন অনুযায়ী বাঁধের Crest এ সৃষ্ট খানাখন্দ/গর্ত ভরাট সহ ক্ষতিগ্রস্ত স্লোপ মেরামত করতে হবে। | ডিজাইন অনুযায়ী বাঁধের উপরিভাগ ও ঢালে সৃষ্ট রেইনকাট সহ বড় গর্ত/খানাখন্দ মেরামত করা হয়েছে। |
| গ) অন্যান্য (সুনির্দিষ্টভাবে) | | | | |
| মহাঃ এনামূল হক, যুগ্মপ্রধান কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন | ০৯-০৬-২০২২ হতে ১০-০৬-২০২২ | পরীলক্ষিত হয়নি | বুড়িতিস্তা বাঁধের প্রশস্ততা বৃদ্ধির জন্য বাঁধের ঢালে বিদ্যমান পূর্বের গাছসমূহ অপসারণ করতে হবে একইসাথে বাঁধ মেরামতের পরে বনবিভাগের মাধ্যমে পুনরায় বৃক্ষরোপণ করতে হবে। | বাঁধ মেরামত পরবর্তীতে পরিকল্পনা অনুযায়ী বন বিভাগের মাধ্যমে বৃক্ষরোপন করা হয়েছে। |
| মোঃ সামছুল ইসলাম, উপপ্রধান (সেচ উইং), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন | ০৯-০৬-২০২২ হতে ১০-০৬-২০২২ | পরীলক্ষিত হয়নি | যথাযথ Specification এবং Design অনুসরণ করে নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ শেষ করতে হবে। | যথাযথ ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ করে প্রকল্পটি অনুমোদিত বর্ধিত জুন/২০২৪ মাসে সমাপ্ত হয়েছে। |
| হাবিবুল হাসান রুমি, সিনিয়র সহকারী প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন | ০৯-০৬-২০২২ হতে ১০-০৬-২০২২ | পরীলক্ষিত হয়নি | নিয়মিত সাইট মনিটরিং করতে হবে এবং কাজ বাস্তবায়নের পূর্বের এবং পরের ছবি সংরক্ষণ করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্তৃক নিবিড়ভাবে সাইট তদারকি করা হয়েছে এবং কাজের পূর্বের ও পরের ছবি সংরক্ষণ করা হয়েছে। |

**৩১. প্রকল্প বাস্তবায়নকালে ও সমাপ্তির পর নিরীক্ষণ সংক্রান্ত:**

(ক) অভ্যন্তরীণ নিরীক্ষা:

| ক্রমিক নং | নিরীক্ষা সময়কাল | নিরীক্ষা প্রতিবেদন দাখিলের তারিখ | পর্যবেক্ষণ/আপত্তি ও অর্থের সংশ্লেষ (পরিমাণ) | আপত্তি নিষ্পত্তি হয়েছে কিনা (না হলে বর্তমান অবস্থা) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন হয়নি। | | | | |

(খ) বহিঃনিরীক্ষা:

| ক্রমিক নং | নিরীক্ষা সময়কাল | নিরীক্ষা প্রতিবেদন দাখিলের তারিখ | পর্যবেক্ষণ/আপত্তি ও অর্থের সংশ্লেষ (পরিমাণ) | আপত্তি নিষ্পত্তি হয়েছে কিনা (না হলে বর্তমান অবস্থা) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | ২০১৯-২২ | ১০/১০/২০২২ | টাস্কফোর্স কর্তৃক গৃহীত ব্লকের চেয়ে অতিরিক্ত ব্লকের বিল প্রদান করায় বোর্ডের আর্থিক ক্ষতি ৬৬,৮৯,৪৩১ (ছেষট্টি লক্ষ উননব্বই হাজার চারশত একত্রিশ) টাকা। | নিষ্পত্তির লক্ষ্যে জবাব প্রেরণ করা হয়েছে। |

| ক্রমিক নং | নিরীক্ষা সময়কাল | নিরীক্ষা প্রতিবেদন দাখিলের তারিখ | পর্যবেক্ষণ/আপত্তি ও অর্থের সংশ্লেষ (পরিমাণ) | আপত্তি নিষ্পত্তি হয়েছে কিনা (না হলে বর্তমান অবস্থা) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ২ | ২০১৯-২২ | ১০/১০/২০২২ | সিসি ব্লক ডাম্পিং/প্লেসিং কাজে ২০০ মিটার বাইরের শ্রমিক মজুরী বাবদ অর্থ প্রদান করায় বোর্ডের আর্থিক ক্ষতি ৬২,৫২১৩ (ছয় লক্ষ পঁচিশ হাজার দুইশত তের ) টাকা। | নিষ্পত্তির লক্ষ্যে জবাব প্রেরণ করা হয়েছে। |
| ৩ | ২০২২-২৩ | ৩০/১১/২০২৩ | প্রস্তুতকৃত সিসি ব্লক স্পেসিফিকেশন অনুযায়ী টেস্ট রিপোর্টে অনুত্তীর্ন হওয়া সত্ত্বেও ঠিকাদারকে বিল পরিশোধ করায় বোর্ডের/সরকারের আর্থিক ক্ষতি ১৫,১৬,২৬২/- (পনের লক্ষ ষোল হাজার দুইশত বাষাট্টি) টাকা। | নিষ্পত্তির লক্ষ্যে জবাব প্রেরণ করা হয়েছে। |
| ৪ | ২০২২-২৩ | ৩০/১১/২০২৩ | বাঁধ পুনরাকৃতি ও মেরামতের লক্ষে কেরিড আর্থ কাজে ব্যক্তিগত জমির মালিকের সাথে চুক্তি না করে কার্য-সম্পাদন করা হলেও কেরিড আর্থ কাজ দেখিয়ে পরিশোধ করায় প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি ৪,৬৯,৭৫,০২৬/- (চার কোটি উনসত্তর লক্ষ পচাত্তর হাজার ছাব্বিশ) টাকা। | নিষ্পত্তির লক্ষ্যে জবাব প্রেরণ করা হয়েছে। |
| মোট আপত্তির সংখ্যা = ০৪ টি ও আপত্তিকৃত টাকার পরিমাণ = ৫৫,৮০৫,৯৩২/- (পাঁচ কোটি আটান্ন লক্ষ পাঁচ হাজার নয়শত বত্রিশ) | | | | |

## ছ. প্রকল্প বাস্তবায়নোত্তর মন্তব্য

**৩২. প্রকল্পের বিষয়ে সাধারণ পর্যবেক্ষণ ও মন্তব্য (নিম্নে বর্ণিত বিষয়সমূহ বিবেচনা করতে হবে):**

৩২.১. **পটভূমিঃ** নীলফামারী জেলার অন্যতম প্রধান দুইটি নদী হলো দেওনাই-চারালকাটা-যমুনেশ্বরী নদী এবং বুড়িতিস্তা নদী। দেওনাই-চারালকাটা-যমুনেশ্বরী নদীটির প্রবাহ এক ও অভিন্ন কিন্তু স্থান ভেদে স্থানীয় পরিচিতির উপর ভিত্তি করে নদীর কোন অংশ দেওনাই কোন অংশ চাড়ালকাটা এবং কোন অংশ যমুনেশ্বরী নাম ধারন করেছে। নদীটি অতিমাত্রায় সর্পিলাকার এবং দৈর্ঘ্যে প্রায় ১১৬.০০ কিঃমিঃ। নীলফামারী সদর ও কিশোরগঞ্জ উপজেলার নিতাই ও চাপড়া ইউনিয়নে নদীটি প্রায় ১০.০০ কিঃমিঃ সর্পিলাকারে প্রবাহিত হয়ে একটি লুপের সৃষ্টি হয়। লুপটির উভয় পাশে প্রতিবছর ভাঙ্গন এবং লুপ অংশটিতে নদীর বাঁকের অবস্থান (Bend migration) প্রতি বছরই কম-বেশী পরিবর্তিত হওয়ার কারনে বিপুল পরিমান কৃষি জমি, বসতবাড়ী ও অন্যান্য স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়। বর্ণিত কারনে স্থানীয় জনপ্রতিনিধি, গণ্যমাণ্য ব্যক্তিবর্গ এবং প্রশাসনের অনুরোধে প্রকল্পটি গ্রহনের প্রয়োজনীয়তা অনুভূত হয়। অপরদিকে, নীলফামারী জেলার জলঢাকা উপজেলার মধ্যদিয়ে প্রবাহিত বুড়িতিস্তা নদীটি অত্যধিক খরস্রোতা হওয়ায় দীর্ঘদিন খননের অভাবে নদীর তলদেশে পলি পরে ভরাট হয়ে যায় যার ফলে বর্ষাকালে নদীর দুকূল ছাপিয়ে বন্যার মাধ্যমে ফসল ও ঘরবাড়ি ডুবে অসংখ্য মানুষ সীমাহীন দুর্ভোগের শিকার হতো। পাশাপাশি নদীর দুই পার্শ্বে ১৯৮০-১৯৮১ সালে নির্মিত বন্যা নিয়ন্ত্রণ বাঁধ দুইটি দীর্ঘদিন টেকসই মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ না করায় বাঁধের আকার আকৃতি নষ্ট হয়ে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হয়। এতে করে অব্যাহত নদীতীর ভাঙ্গন এলাকাবাসীর জন্য একটি ভয়াবহ সমস্যা হিসাবে দেখা দেয়। বর্ণিত কারনে একটি বাস্তব সম্মত প্রকল্প গ্রহণের মাধ্যমে নদী খনন করে নাব্যতা বৃদ্ধি, বাঁধের স্থায়ীত্ব বৃদ্ধির জন্য পুনরাকৃতিকরণ এবং ভাঙ্গন কবলিত স্থানসমূহে স্থায়ী প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়নের প্রয়োজনীয়তা দেখা দেয়।

৩২.২ **যৌক্তিকতা/পর্যাপ্ততাঃ** চাড়ালকাটা নদীর অব্যাহত ভাঙ্গন প্রতিরোধ, বুড়িতিস্তা নদীর অববাহিকায় বন্যার প্রকোপ হতে রক্ষায় স্থানীয় জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তিবর্গ, জেলা প্রশাসন ও প্রকল্পের সুবিধাভোগীগণের চাহিদার প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক প্রাথমিক পর্যায়ে

"নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলায় চাড়ালকাটা নদী সোজাকরণ এবং বুড়িতিস্তা নদীর বন্যা নিয়ন্ত্রণ বাঁধ রক্ষার্থে জলঢাকা উপজেলায় নদীতীর সংরক্ষন" নামে প্রকল্পের ডিপিপি প্রণয়নের কার্যক্রম শুরু হয়। পরবর্তীতে গত ১০/০১/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভায় প্রকল্পের শিরোনাম সংক্ষিপ্ত করে "নীলফামারী জেলার চাড়ালকাটা নদী সোজাকরণ এবং বুড়িতিস্তা নদী তীর সংরক্ষণ" রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। বাপাউবো'র বোর্ড সচিবালয়ের স্মারক নং- বাপাউবো(সচিব)/পরি-১/বিবিধ-৩/২০১৮(১ম খন্ড)/৫১; তারিখঃ ২৮/০৩/২০১৮ খ্রিঃ মোতাবেক গঠিত কারিগরী কমিটির সুপারিশ মালার আলোকে প্রকল্পের ডিপিপি প্রণয়ন করা হয়। প্রকল্প প্রস্তাবনাটি বিগত ৩০-০৪-২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে ২২-০৫-২০১৯ খ্রিঃ তারিখে পরিকল্পনা বিভাগ, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, একনেক শাখা-১ কর্তৃক প্রকল্পের অনুমোদন আদেশ এবং ১০-০৬-২০১৯ খ্রিঃ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক অনুমোদন জারী করা হয়। পরবর্তীতে প্রকল্পটি সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দিলে গত ০৬/০৭/২০২১ খ্রিঃ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়য় কর্তৃক প্রকল্পের ১ম সংশোধনীর উপর প্রশাসনিক আদেশ জারী করা হয়।

৩২.৩ **উদ্দেশ্যঃ** নীলফামারী জেলার সদর উপজেলাধীন চাপড়া ইউনিয়ন এবং কিশোরগঞ্জ উপজেলার নিতাই ইউনিয়নে লুপ-কাটিংসহ চারালকাটা নদীর ভাঙ্গন রোধ; জলঢাকা উপজেলায় বুড়িতিস্তা নদীর ডান ও বাম তীরের ভাংগন হতে বুড়িতিস্তা বন্যা নিয়ন্ত্রণ বাঁধ রক্ষাকরণ; প্রকল্প এলাকায় বন্যার প্রকোপ হ্রাসপূর্বক খাদ্যশষ্য উৎপাদান বৃদ্ধিকরণ এবং প্রকল্প এলাকায় পরিবেশ, জীব-বৈচিত্র রক্ষা ও বসবাসরত (৪.০ লক্ষাধিক) জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি সাধন করা ছিল প্রকল্পটির প্রধান উদ্দেশ্য।

৩২.৪ **প্রকল্প সংশোধন এ তার কারণ সম্পর্কিতঃ** প্রকল্পটি ২০১৮-২০১৯ অর্থবছর (এপ্রিল/২০২০) হতে বাস্তবায়নের অনুমোদন থাকলেও বরাদ্দ না থাকায় এবং জিও জারী, প্রশাসনিক অনুমোদন ও প্রকল্প পরিচালক নিয়োগ না হওয়ায় উক্ত অর্থবছরে কাজ শুরু করা সম্ভব হয় নি। পাশাপাশি ২০১৯-২০২০ অর্থবছরের এডিপি-তে প্রকল্পের অনুকূলে বরাদ্দ না থাকা, দরপত্র আহবান ও কার্যাদেশ প্রদান করে ঠিকাদারগণ কর্তৃক মাঠে মবিলাইজেশনের সময়ে কোভিড-১৯ এর প্রাদুর্ভাব এবং ভূমি অধিগ্রহণ কার্যক্রমে জটিলতা কারণে প্রকল্পের কাজ শুরু করতে বিলম্ব হয়। একইসাথে মাঠ পর্যায়ের বাস্তবতার আলোকে বিভিন্ন প্যাকেজের ডিজাইন পরিবর্তন জনিত কারনে কাজের পরিমান বৃদ্ধি পায় এবং নতুন কিছু প্যাকেজের অন্তর্ভুক্তির প্রয়োজনীয়তার কারনে ডিপিপি সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দেয়। গত ০৬-০৭-২০২১ খ্রিঃ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের ১ম সংশোধনী (আরডিপিপি) অনুমোদিত হয়। ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের ব্যয় ১৬৯১৮.৪১ লক্ষ টাকা এবং মেয়াদকাল এপ্রিল, ২০১৯ হতে জুন, ২০২৩ পর্যন্ত নির্ধারিত হয়। কিন্তু প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে বিভিন্ন আর্থিক বছরে বরাদ্দের অপ্রতুলতা, ভেরিয়েশন সহ অন্যান্য কারনে প্রকল্পের কাজ সমূহ নির্ধারিত মেয়াদে সম্পন্ন না হওয়ায় প্রকল্পের মেয়াদকাল ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন, ২০২৪ পর্যন্ত বৃদ্ধি অনুমোদিত হয়। ইতিমধ্যে প্রকল্পের সকল প্যাকেজের কাজ জুন, ২০২৪ মাসে সমাপ্ত হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে চাড়ালকাটা ও বুড়িতিস্তা নদীর ভাঙ্গনের হার রোধ করা সম্ভব হয়েছে, যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে, বিগত কয়েক বছরে প্রকল্প এলাকায় বন্যার প্রকোপ হ্রাস পাওয়ায় খাদ্যশস্য উৎপাদান উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে, জনগনের মাঝে স্বস্তি ফিরে এসছে ফলে জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি সাধিত হয়েছে।

৩৩. **প্রকল্পের নিম্নবর্ণিত বিষয়ে যৌক্তিকতা (নিম্নে বর্ণিত বিষয়সমূহ বিবেচনা করতে হবে):**

৩৩.১ **ধারনাঃ** প্রকল্প এলাকায় বন্যার কারন ও গতি প্রকৃতি (Morphological Change) নিরুপন করে কারিগরী কমিটি চাড়ালকাটা নদীর ভাঙ্গান রোধের জন্য দুটি Option সুপারিশ করে। তার মধ্যে ১ম Option টি হলো চাড়ালকাটা নদীতে স্থানীয় জনসাধারন ও জনপ্রতিনিধিদের চাহিদার প্রেক্ষিতে Loop Cutting বাস্তবায়ন করা। এক্ষেত্রে নদীর ১০.০০ কিঃমিঃ দৈর্ঘ্য প্রায় ৭৫০ মিটার এ এসে দাঁড়াবে। ফলে লুপ-কাটের উজান ও ভাটিতে নদীর তলদেশের পার্থক্য হবে প্রায় ২.০০ মিটার যা অতি মাত্রায় খাড়া হওয়ার কারনে লুপ কাটের উজান ও ভাটিতে ভাঙ্গন দেখা দিতে পারে। উক্ত সমস্যার সমাধানকল্পে ১ম Option এ লুপ-কাটের উজান ভাটিতে ২.৪৬ কিঃমিঃ প্রতিরক্ষামূলক কাজ, ৭৫০ মিটার লুপ খনন, একটি ৮৫ মিটার ক্লোজার নির্মান, পানির বেগ হ্রাসকরনের জন্য একটি ড্রপ স্ট্রাকচার নির্মান, একটি ব্রীজ নির্মাণ এবং ১৩ একর ভূমি অধিগ্রহণ কাজের সুপারিশ রাখা হয়। ২য় Option এ কারিগরী কমিটি নদীর Bend Stabilization নিয়ে পর্যালোচনা করে। এক্ষেত্রে লুপের অভ্যন্তরে নদীর বাইরের বাঁক সমূহে ৪.৫৬ কিঃমিঃ প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়ন করে ভাঙ্গন প্রতিরোধের জন্য সুপারিশ করে। এই Option অনুযায়ী কাজ বাস্তবায়ন করলে নদীর গতি প্রকৃতির/River Morphology এর বিরূপ পড়বে না মর্মে প্রতিবেদনে উল্লেখ করা হয়। একইসাথে প্রতিবেদনে বুড়িতিস্তা নদীর ভাঙ্গান প্রতিরোধকল্পে ২.৬৮ কিঃমিঃ তীর প্রতিরক্ষা কাজ (সংশোধিত ডিপিপিতে ২.৮৩ কিঃমিঃ), ১৩.০০ কিঃমিঃ নদী পুনঃখনন এবং পূর্বের প্রতিরক্ষা কাজের ১.১৮ কিঃমিঃ মেরামত কাজের জন্য সুপারিশ করে। চাড়ালকাটা নদীর বাকের অবস্থান প্রতিবছরই কম বেশি পরিবর্তিত হওয়ায় Option-2 এ সুপারিশকৃত ভাঙ্গানকৃত স্থান সমূহে শুধুমাত্র তীর সংরক্ষন কাজ বাস্তবায়ন করা হলে পার্শ্ববর্তী স্থান সমূহে ভাঙ্গন অব্যাহত থেকে নদীর বাকের অবস্থান বরাবরের ন্যায় পরিবর্তিত হওয়ার সম্ভাবনা রয়েছে। ফলে সুপারিশকৃত ব্যয়ের তুলনা, স্থানীয় জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তিবর্গ, জেলা প্রশাসন ও প্রকল্পের সুবিধাভোগীগণের মতামতকে অগ্রাধিকার দিয়ে সার্বিক বিষয় বিবেচনা করে টেকসই ব্যবস্থাপনা হিসাবে Option-1 অনুসরনপূর্বক প্রকল্পটি প্রণয়ন করা হয়েছে।

৩৩.২ **নকশাঃ** প্রকল্পের ভৌত কাজের নকশা প্রণয়নের জন্য মাঠ পর্যায়ে জরিপ করত নকশা উপাত্ত সংগ্রহ করা হয়। প্রেরিত নকশা উপাত্তের উপর ভিত্তি করে বাপাউবোর ডিজাইন সার্কেল-৬ হতে নকশা প্রণয়ন ও অনুমোদিত হয়েছে। এছাড়াও মাঠ পর্যায়ের বাস্তবতা ও কারিগরী দিক বিবেচনায় কাজ বাস্তবায়নকালীন সময়ে বিভিন্ন প্যাকেজের নকশা সংশোধনের প্রয়োজন হলে অথবা নতুন নকশার প্রয়োজন হলে সংশোধিত নকশা অনুযায়ী প্যাকেজের ভেরিয়েশন অনুমোদন পূর্বক কাজ সমূহ সম্পাদিত হয়েছে।

৩৩.৩ **স্থানঃ** প্রকল্পটির এলাকা রংপুর বিভাগের নীলফামারী জেলার নীলফামারী সদর, কিশোরগঞ্জ ও জলঢাকা উপজেলায় চাড়ালকাটা ও বুড়িতিস্তা নদীর উভয় তীর জুড়ে বিস্তৃত।

৩৩.৪ **বাস্তবায়নকালঃ** মূল ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়নকাল ছিল এপ্রিল, ২০১৯ হতে জুন, ২০২২ পর্যন্ত। পরবর্তীতে প্রকল্পের বিভিন্ন প্যাকেজের ডিজাইন পরিবর্তন জনিত কারনে সংশোধিত ডিপিপিতে বিভিন্ন অঙ্গের কাজের পরিমান বৃদ্ধি পায় একই সাথে নতুন কিছু প্যাকেজের অন্তর্ভুক্তির কারনে কাজ সমূহ বাস্তবায়নের লক্ষ্যে সংশোধিত ডিপিপির মেয়াদকাল জুন, ২০২২ এর পরিবর্তে জুন, ২০২৩ নির্ধারন করা হয়। কিন্তু প্রকল্পের বিভিন্ন আর্থিক বছরে বরাদ্দের অপ্রতুলতা, কোভিড-১৯ সময়কালে ও পরবর্তীতে বৈশ্বিক অর্থনৈতিক মন্দার প্রভাবে জ্বালানী তেল, পাথর, সিমেন্টসহ অন্যান্য নির্মাণ সামগ্রীর মূল্যবৃদ্ধি, ভূমি অধিগ্রহণ কাজে সৃষ্ট জটিলতা ও বৃক্ষরোপনের জন্য বন বিভাগের সাথে সমঝোতা স্মারক চুক্তি (MoU) স্বাক্ষরের দীর্ঘসূত্রিতার কারনে বিভিন্ন প্যাকেজের কাজ নির্ধারিত সময়ে বাস্তবায়ন করা সম্ভব না হওয়ায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন, ২০২৩ হতে জুন, ২০২৪ পর্যন্ত ০১ (এক) বছর বৃদ্ধি অনুমোদিত হয়।

## ৩৪. প্রকল্প পরিকল্পনা, অর্থায়ন ও প্রযোজ্যতা সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণ (নিম্নে বর্ণিত বিষয়সমূহ বিবেচনা করতে হবে):

৩৪.১ **প্রকল্পের সম্ভাব্যতা যাচাই (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ** নীলফামারী জেলার কিশোরগঞ্জ ও সদর উপজেলার নিতাই ও চাপড়া ইউনিয়নের চাড়ালকাটা নদীর পার্শ্বে অবস্থিত অবকাঠামো, ঘরবাড়ি ও মূল্যবান কৃষি জমি রক্ষার জন্য "নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলার নিতাই ইউনিয়ন পরিষদের গ্যাংবের এলাকায় চাড়ালকাটা নদীর উপর লুপ কাটিং" শীর্ষক প্রকল্পের একটি ডিপিপি প্রণয়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় সম্ভাব্যতা যাচাই বাছাই করে তথ্য উপাত্তের ভিত্তিতে সুপারিশমালা সহ কারিগরী প্রতিবেদন তৈরির জন্য বাপাউবো'র বোর্ড সচিবালয়ের স্মারক নং- বাপাউবো(সেচিব)/পরি-১/বিবিধ-৩/২০১৮(১ম খন্ড)/৫১; তারিখঃ ২৮/০৩/২০১৮ খ্রিঃ মোতাবেক ০৬ (ছয়) সদস্য বিশিষ্ট একটি কারিগরী কমিটি গঠন করা হয়। কারিগরী কমিটির দাখিলকৃত প্রতিবেদনটি বোর্ড সচিবালয় স্মারক নং- বাপাউবো(সচি)/পরিকল্পনা/কাপ্র-২০১৮/৭৩; তারিখঃ ০৫/১১/২০১৮ খ্রিঃ তারিখে অনুমোদন আদেশ পাওয়া যায়। এরই ধারাবাহিকতায় কারিগরী কমিটির সুপারিশ মালার আলোকে প্রকল্পের ডিপিপি প্রণয়ন করা হয়।

৩৪.২ **প্রকল্প সনাক্তকরণঃ** মাঠ পর্যায় হতে "নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলার নিতাই ইউনিয়ন পরিষদের গ্যাংবের এলাকায় চাড়ালকাটা নদীর উপর লুপ কাটিং" শিরোনামে প্রকল্প গ্রহণের জন্য প্রস্তাব করা হয়। বোর্ড কর্তৃক গঠিত কারিগরী কমিটি তাদের দাখিলকৃত প্রতিবেদনে প্রকল্পটির নাম "নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলায় চাড়ালকাটা নদী সোজাকরণ এবং বুড়িতিস্তা নদীর বন্যা নিয়ন্ত্রণ বাঁধ রক্ষার্থে জলঢাকা উপজেলায় নদীতীর সংরক্ষণ" প্রস্তাব করে। পরবর্তীতে গত ১০/০১/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভায় প্রকল্পের শিরোনাম সংক্ষিপ্ত করে "নীলফামারী জেলার চাড়ালকাটা নদী সোজাকরণ এবং বুড়িতিস্তা নদী তীর সংরক্ষণ" রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩৪.৩ **প্রকল্প প্রস্তাব প্রণয়নঃ** বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক গঠিত কারিগরী কমিটি মাঠ পর্যায়ে সরেজমিনে পরিদর্শনপূর্বক তথ্য উপাত্তের ভিত্তিতে প্রয়োজনীয় সুপারিশমালা সহ স্মারক নং- তঃপ্রঃ/ডিজাইন-৬/৪৩৯; তারিখঃ ১৪/০৮/২০১৮ মোতাবেক কারিগরী প্রতিবেদন বোর্ডে দাখিল করে। কারিগরী কমিটির দাখিলকৃত প্রতিবেদনটি বোর্ড সচিবালয় স্মারক নং- বাপাউবো(সচি)/পরিকল্পনা/কাপ্র-২০১৮/৭৩; তারিখঃ ০৫/১১/২০১৮ খ্রিঃ তারিখে অনুমোদন আদেশ পাওয়া যায়। কারিগরী কমিটির সুপারিশ মালার আলোকে প্রকল্পের ডিপিপি প্রণয়ন করা হয়।

৩৪.৪ **প্রকল্পের প্রাক-মূল্যায়নঃ** প্রযোজ্য নয়।

৩৪.৫ **অর্থায়নঃ** প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

৩৪.৬ **প্রকল্প অনুমোদনঃ** প্রকল্প প্রস্তাবনাটি বিগত ৩০-০৪-২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে ২২-০৫-২০১৯ খ্রিঃ তারিখে পরিকল্পনা বিভাগ, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, একনেক শাখা-১ কর্তৃক প্রকল্পের অনুমোদন আদেশ এবং ১০-০৬-২০১৯ খ্রিঃ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক অনুমোদন জারী করা হয়। পরবর্তীতে প্রকল্পটি সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দিলে গত ০৬/০৭/২০২১ খ্রিঃ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের ১ম সংশোধনীর উপর প্রশাসনিক আদেশ জারী করা হয়।

৩৪.৭ **অন্যান্য (যদি থাকে)**০ঃ পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক স্মারক নং-৪২.০০.০০০০.০৪১.১৪.০১৯.১৮-৪৮৩; তারিখঃ ১৮/০৬/২০২৩ খ্রিঃ অনুযায়ী ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদকাল জুন, ২০২৩ এর পরিবর্তে জুন, ২০২৪ পর্যন্ত ০১ (এক) বছর বৃদ্ধি করা হয়।

## ৩৫. প্রকল্পের বাস্তবায়নোত্তর অবস্থা ও প্রকল্পের ফলাফল বিশ্লেষণ (নিম্নবর্ণিত বিষয়ে বিবেচনা করা যেতে পারে):

৩৫.১ **প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা সম্পর্কে উপকারভোগীদের সুস্পষ্ট জ্ঞান ছিল কি নাঃ** স্থানীয় জনপ্রতিনিধি, গণ্যমাণ্য ব্যক্তিবর্গ এবং জেলা প্রশাসন ও উপকারভোগীদের দীর্ঘদিনের দাবির প্রেক্ষিতে প্রকল্পটি গ্রহণ করা হয়। ফলে প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা সম্পর্কে উপকারভোগীদের সুস্পষ্ট জ্ঞান ছিল তা বলাই বাহুল্য।

৩৫.২ **প্রকল্প থেকে সৃষ্ট সুবিধাদির ব্যবহারের জন্য কার্যক্রমঃ** প্রকল্পটি ০৬ (ছয়) বছর মেয়াদে গত জুন,২০২৪ সালে বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নকালীন সময়ে পাউবোর কর্মকর্তা ও কর্মচারীদের সার্বক্ষনিক তদারকি, স্থানীয় প্রশাসনের সাথে সম্পৃক্ততা প্রকল্পটি সমাপ্ত করার ক্ষেত্রে যথাযথ ভূমিকা রেখেছে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে জন মানুষের বিপুল পরিমান সম্পদ, জানমালের নিরাপত্তা অর্জনের পাশাপাশি নদী ভাঙ্গন ও প্রাকৃতিক বিপর্যয় হতে প্রকল্প এলাকা রক্ষা পেয়েছে। প্রকল্পের এই অর্জিত সুবিধা টেকসই করার লক্ষ্যে পাউবো, স্থানীয় প্রশাসন সহ জনগনের সরাসরি সম্পৃক্ততা ও নিয়মিত তদারকি জরুরী। এ লক্ষ্যে প্রকল্পের সুবিধাভোগী জনগনকে সার্বিক বিষয়ে জ্ঞাত করে প্রাথমিক করণীয় কার্যাবলী সম্পর্কে প্রশিক্ষণ এবং স্থানীয়ভাবে সার্বক্ষণিক মনিটরিং এর জন্য উৎসাহ প্রদান করা হবে। ফলে প্রকল্পের সৃষ্ট সুবিধাদি টেকসই হওয়ার পাশাপাশি গ্রামীণ আর্থ সামাজিক অবস্থা, ব্যবসা-বাণিজ্য ইত্যাদি ক্ষেত্রে ইতিবাচক প্রভাব তৈরি হবে।

৩৫.৩ **প্রকল্পের ও এন্ড এম কার্যক্রমঃ** অনুমোদিত নকশা ও প্রাক্কলনের বিভিন্ন আইটেম সমূহ যথাযথ ও যৌক্তিক মনে হলেও মাঠ পর্যায়ে পুঙ্খানুপুঙ্খভাবে কাজ বাস্তবায়ন অনেক ক্ষেত্রেই সম্ভব হয় না। তাই অপর্যাপ্ত পরিচালন পরিচালন ও রক্ষণাবেক্ষণ প্রকল্পের লাইফটাইম হ্রাসসহ অকাল পুনর্বাসনের প্রয়োজনীয়তা দেখা দেয়। প্রকল্পের সমাপ্ত পরবর্তী সময়ে যেকোন অঙ্গের মেরামত/রক্ষণাবেক্ষণের প্রয়োজন হলে তা অর্থবছর ভিত্তিক সরকারের রাজস্ব বরাদ্দ হতে পরিচালন ব্যয় খাতে প্রাপ্ত বরাদ্দ দ্বারা মেরামত/রক্ষণাবেক্ষণ করা হবে। এক্ষেত্রে পরিচালন ব্যয় খাতে পরিমিত বরাদ্দ, আধুনিক যন্ত্রপাতি সরবরাহ সহ বাপাউবোর মাঠ দপ্তরের কর্মকর্তাদের যুযোগযোগী প্রশিক্ষণ প্রদান করা জরুরী।

৩৫.৫ **প্রকল্পের প্রভাব (প্রত্যক্ষ ও পরোক্ষ)ঃ** প্রকল্পটি বাস্তবায়নের ফলে দীর্ঘ মেয়াদে পরিমাপযোগ্য ও অপরিমাপযোগ্য দুই ধরনের সফলতা প্রত্যাশা করা হচ্ছে। যেমন চাড়ালকাটা নদীর লুপ কাটিং ও বুড়িতিস্তা নদীর তীর প্রতিরক্ষা সহ খননের ফলে প্রকল্প এলাকা ইতিমধ্যে বন্যার কবল থেকে রক্ষা পেয়েছে, যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে জনমনে স্বস্তি ফিরে এসেছে। কৃষির জমির যথাযথ ব্যবহার নিশ্চিত হওয়ায় নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। এছাড়াও নদীতে পানি ধারন ক্ষমতা বৃদ্ধি পাওয়ায় বছরজুড়ে নদীতে পানি থাকায় মৎস্য সম্পদের উৎপাদন বৃদ্ধি পেয়েছে। এছাড়াও বন্যা নিয়ন্ত্রণ বাঁধে বৃক্ষরোপনের কারনে তা পরিবেশের ভারসাম্য রক্ষায় পরোক্ষভাবে ইতিবাচক ভূমিক পালন করছে।

৩৫.৬ **প্রকল্পের মাধ্যমে প্রযুক্তি হস্তান্তর ও প্রাতিষ্ঠানিকীকরণ ব্যবস্থাঃ** প্রকল্পটি বাস্তবায়নের ফলে প্রকল্প এলাকায় নদী ভাঙ্গন ও বন্যার প্রকোপ হ্রাসের ফলে পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে প্রযুক্তি ছোঁয়ায় এনে দক্ষ জনশক্তি হিসাবে গড়ে তোলার অবারিত সুযোগ তৈরি হয়েছে। এছাড়াও সকল ক্ষেত্রে বিনিয়োগ ও উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যমাত্রা অর্জনের দ্বার প্রসারিত হয়েছে। পাশাপাশি প্রকল্পটি সম্পাদনের ফলে সুবিধাভোগী বিপুল জনগোষ্ঠীর জন্য হাট-বাজার, শিক্ষা প্রতিষ্ঠান, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্র ইত্যাদি স্থাপনের মাধ্যমে অর্থনৈতিক নিরাপত্তা বিধান করা সম্ভব হবে।

৩৫.৭ **প্রকল্পের মাধ্যমে কর্মসংস্থানঃ** প্রকল্পটি বাস্তবায়নকালীন সময়ে সৃষ্ট বিশাল কর্মযজ্ঞের সময় সহায় সম্বলহীন নিঃস্ব, হতদরিদ্র ও দিনমজুর মানুষ সরাসরি প্রকল্পের কাজে অংশগ্রহণ করে প্রকল্প বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের পাশাপাশি তাদের জীবিকা নির্বাহ করতে সক্ষম হয়।

৩৫.৮ **আত্ম-কর্মসংস্থানের সম্ভাব্যতাঃ** বর্তমানে প্রকল্পটি সমাপ্ত হওয়ায় এলাকার মানুষের মনে নিরাপত্তাবোধ সৃষ্টি হয়েছে, যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে। এছাড়াও বিস্তীর্ণ এলাকার ফসলী জমি বন্যা ও নদী ভাঙ্গন হতে রক্ষা পাওয়ায় মানুষ কৃষি ও মৎস্য চাষকে পেশা হিসাবে বেছে নিতে আগ্রহী হয়েছে। এতে নতুন আত্ম কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে।

৩৫.৯ **নারীদের কর্মসংস্থানের সুযোগের সম্ভাব্যতাঃ** যেকোন প্রাকৃতিক দুর্যোগে নারী ও শিশু সবচেয়ে বেশি ঝুঁকিতে থাকে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে প্রকল্প এলাকায় নদী ভাঙ্গন ও বন্যার প্রকোপ হ্রাসের ফলে নারী ও শিশুর নিরাপদ ও স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত হয়েছে। মেয়ে শিশুরা শিক্ষার

জন্য স্কুলে যেতে আগ্রহী হচ্ছে। এতে শিক্ষার মানোন্নয়নের পাশাপাশি কর্মসংস্থান বৃদ্ধির ভিত্তি স্থাপিত হয়েছে। এছাড়াও নিরাপদ পরিবেশের কারনে প্রকল্প এলাকার নারীদের মধ্যে কৃষি, মৎস্য চাষ, বৃক্ষরোপন, গবাদি পশু পালনে উৎসাহ সৃষ্টি হয়েছে। দিনকে দিন পোশাক শিল্পের বিভিন্ন কারখানায় তাদের অংশগ্রহণ উল্লেখযোগ্য হারে বাড়ছে।

৩৫.১০ **উন্নয়নের নারীদের অংশ গ্রহণঃ** প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে প্রকল্প এলাকায় বিশাল কর্মযজ্ঞের সৃষ্টি হয়। এ সময় সহায় অসহায় ও হতদরিদ্র নারীরা সরাসরি প্রকল্পের উন্নয়নমূলক কাজে অংশগ্রহণ করে প্রকল্প বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের পাশাপাশি তাদের জীবিকা নির্বাহ করতে সক্ষম হয়। প্রকল্পটি বাস্তবায়িত হওয়ায় পরিবেশগত নিরাপত্তা নিশ্চিত হওয়ায় কন্যা শিশুদের লেখাপড়ার সুযোগ বৃদ্ধি পেয়েছে। ফলে লিঙ্গ সমতা অর্জন এবং নারীর ক্ষমতায়নের পথ প্রশস্ত হয়েছে।

৩৫.১১ **আর্থ-সামাজিক কার্যক্রমে প্রকল্পের সম্ভাব্য প্রভাবঃ** প্রকল্পটি বাস্তবায়নের ফলে প্রকল্প এলাকায় নদী ভাঙ্গন ও বন্যার প্রকোপ হ্রাসের ফলে নিরাপত্তা বিধানের কারনে জনমনে স্বস্তি ফিরে এসেছে। সামাজিক নিরাপত্তা নিশ্চিতের কারনে নতুন করে দেকানপাট ও ব্যবসা বাণিজ্যের প্রসার ঘটছে। প্রকল্প এলাকার অসংখ্য মানুষ কৃষি ও মৎস্য চাষকে পেশা হিসাবে বেছে নিতে আগ্রহী হয়েছে। প্রকল্পটি সম্প্রতি সমাপ্ত হয়েছে। অদূর ভবিষ্যতে প্রকল্প এলাকাটি ধীরে ধীরে নগরায়নের দিকে ধাবিত হবে, যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের ফলে সরকার ও বিভিন্ন এনজিও বিনিয়োগে আগ্রহী হবে। প্রকল্প এলাকায় নতুন রাস্তা ঘাট, বিভিন্ন সরকারী স্থাপনা, স্কুল কলেজ, হাট বাজার সহ বিভিন্ন অবকাঠামো নির্মিত হবে। এছাড়াও গ্রামীণ আর্থ সামাজিক অবস্থার উন্নতির ফলে প্রকল্প এলাকা আধুনিকতার ছোঁয়া পাবে, মানুষের ক্রয় ক্ষমতা বৃদ্ধি পাওয়ায় জীবনযাত্রার মানোন্নয়ন ঘটবে।

৩৫.১২ **পরিবেশের ওপর প্রভাবঃ** প্রকল্পটি রেড ক্যাটাগরির অন্তর্ভুক্ত নয়। প্রকল্পটি বাস্তবায়নের ফলে চাড়ালকাটা ও বুড়িতিস্তা নদী সংলগ্ন এলাকায় বন্যার প্রবণতা হ্রাস পেয়েছে। ফলে এলাকায় কৃষিজ উৎপাদন বৃদ্ধি পেয়েছে। এছাড়াও বন্যার পানি নিষ্কাশন ক্ষমতা বৃদ্ধি পেয়েছে, মাছের উৎপাদন, হাঁস মুরগী পালন বৃদ্ধি সহ বৃক্ষরাজি ফুলে ফুলে সুশোভিত হয়েছে। এতে প্রকল্প এলাকার জানমাল, আর্থ সামাজিক কার্যক্রম সহ প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য রক্ষা পেয়েছে। যা সামগ্রিক জলবায়ু পরিবর্তনের ক্ষেত্রে কার্যকরী ভূমিকা পালন করবে।

৩৫.১৩ **প্রকল্প টেকসইকরণ ও এক্সিট প্ল্যানঃ** প্রকল্পটি সরকাররের টেকসই উন্নয়ন লক্ষমাত্রা (SDG) এবং বাপাউবোর মিশন/ভিশনের সাথে সম্পৃক্ত। প্রকল্পের ফলাফল টেকসই করার জন্য জনগনের অংশগ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে। এছাড়াও বাস্তবায়নকারী সংস্থা ও অন্যান্য সংস্থার মধ্যে সমন্বয় করে কার্যকর ও দক্ষ ব্যবস্থপনা এবং সুশাসন নিশ্চিত করতে হবে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে জন মানুষের বিপুল পরিমান সম্পদ, জানমালের নিরাপত্তা অর্জনের পাশাপাশি নদী ভাঙ্গন ও প্রাকৃতিক বিপর্যয় হতে প্রকল্প এলাকা রক্ষা পেয়েছে। প্রকল্পের এই অর্জিত সুবিধা টেকসই করার লক্ষ্যে পাউবো, স্থানীয় প্রশাসন সহ জনগনের সরাসরি সম্পৃক্ততা ও নিয়মিত তদারকি জরুরী। এ লক্ষ্যে প্রকল্পের সুবিধাভোগী জনগনকে সার্বিক বিষয়ে জ্ঞাত করে প্রাথমিক করণীয় কার্যাবলী সম্পর্কে প্রশিক্ষণ এবং স্থানীয়ভাবে সার্বক্ষণিক মনিটরিং এর জন্য উৎসাহ প্রদান করা হবে। ফলে প্রকল্পের সৃষ্ট সুবিধাদি টেকসই হওয়ার পাশাপাশি গ্রামীণ আর্থ সামাজিক অবস্থা, ব্যবসা-বাণিজ্য ইত্যাদি ক্ষেত্রে ইতিবাচক প্রভাব তৈরি হবে। এছাড়াও প্রাকৃতিক পরিবেশের যথাযথ ব্যবস্থাপনার মাধ্যমে প্রকল্প এলাকার পরিবেশের উত্তর উত্তর উন্নতির মাধ্যমে পরিবেশ বান্ধব টেকসই উন্নয়ন সম্ভব হবে।

৩৫.১৪ **দারিদ্র দূরিকরণ/হ্রাসকরণে অবদানঃ** প্রকল্পটি বাস্তবায়নের ফলে কৃষি জমি ভাঙ্গনের হাত থেকে পাওয়ায় কৃষি উৎপাদন বৃদ্ধি পেয়েছে। এতে স্থানীয় পর্যায়ে খাদ্য নিরাপত্তা বৃদ্ধি, যোগাযোগ ব্যবস্থার উন্নতি এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হওয়ায় দারিদ্র বিমোচনের ক্ষেত্র তৈরি হয়েছে। সামাজিক নিরাপত্তা নিশ্চিতের কারনে নতুন করে দোকানপাট ও ব্যবসা বাণিজ্যের প্রসার ঘটছে। প্রকল্প এলাকার অসংখ্য মানুষ কৃষি ও মৎস্য চাষকে পেশা হিসাবে বেছে নিতে আগ্রহী হয়েছে।

৩৫.১৫ **জনপ্রতিনিধি, স্থায়ী অভিজাত ব্যক্তিবর্গ, স্থানীয় প্রশাসন, শিক্ষক, ধর্মীয় নেতা, মহিলা প্রতিনিধি প্রমুখের মতামতঃ** প্রকল্পটি গ্রহণ এবং বাস্তবায়নকালীন সময়ে স্থানীয় জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তিবর্গ, জেলা প্রশাসন ও প্রকল্পের সুবিধাভোগীগণের মতামতকে গুরুত্ব দিয়ে কাজ সমূহ বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্পটি সমাপ্তির পরে কাজের সার্বিক অগ্রগতি এবং প্রকল্পের সুফল সম্পর্কে এর সুবিধাভোগীদের মতামত গ্রহণ করা হলে সকলেই প্রকল্পটির ব্যাপারে সন্তোষজনক অভিমত ব্যক্ত করেছেন।

৩৫.১৬ **ক্ষুদ্রঋণ কর্মসুচিতে অবদান এবং এনজিও কর্মকান্ডের সাথে দ্বৈততা সম্পর্কে মতামতঃ** প্রকল্প এলাকার যোগাযোগ ব্যবস্থা সহ সার্বিক উন্নয়নের কারনে বিভিন্ন এনজিও প্রতিষ্ঠান সেখানে তাদের কার্যক্রম পরিচালনা করতে পারবে। এতে করে দরিদ্র জনগোষ্ঠী ক্ষুদ্রঋণ সুবিধার আওতায় এসে তাদের জীবনমান পরিবর্তনে এবং কর্মসংস্থান সৃষ্টিতে ভূমিকা রাখবে। এনজিও সমূহ সকলের সাথে সমন্বয় করে তাদের কার্যক্রম পরিচালনা করলে যেকোন দ্বৈততা এড়ানো সম্ভব হবে।

৩৬. প্রকল্প বাস্তবায়নকালে উদ্ভুত সমস্যা (মেয়াদ ও সমস্যা নিরসনে গৃহীত ব্যবস্থা (নিম্নবর্ণিত বিষয় বিবেচনা) করা যেতে পারে:

৩৬.১ **প্রকল্প ব্যবস্থাপনাঃ** প্রকল্পটি তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর পানি উন্নয়ন সার্কেল-২, বাপাউবো, রংপুর এর কারিগরী ও প্রশাসনিক তদারকির মাধ্যমে নির্বাহী প্রকৌশলী, নীলফামারী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নীলফামারী এবং নির্বাহী প্রকৌশলী, সৈয়দপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, সৈয়দপুর, নীলফামারী এর দপ্তরাধীন বিদ্যমান জনবল কাঠামো ব্যবহার করে বাস্তবায়িত হয়েছে।

৩৬.২ **প্রকল্প পরিচালকঃ** প্রকল্পের বিভিন্ন পর্যায়ে প্রকল্প পরিচালক হিসাবে নির্বাহী প্রকৌশলী, নীলফামারী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নীলফামারী; তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর পানি উন্নয়ন সার্কেল-২, বাপাউবো, রংপুর এবং সর্বশেষ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর পানি উন্নয়ন সার্কেল-১, বাপাউবো, রংপুর দায়িত্ব পালন করেছেন।

৩৬.৩ **ভূমি অধিগ্রহণঃ** প্রকল্পের আওতায় চাড়ালকাটা নদীতে লুপ-কাট করার জন্য ১৩ একর ভূমি অধিগ্রহণের জন্য নির্ধারিত ছিল। ভূমি অধিগ্রহণের প্রস্তাবনা জেলা প্রশাসক, নীলফামারী বরাবরে প্রেরণ করা হলে জেলা প্রশাসকের দপ্তর হতে প্রাক্কলন প্রদান করা হয়। প্রাপ্ত প্রাক্কলন মোতাবেক ভূমি অধিগ্রহণের ব্যয় ছিল ৫২৯.৫৪ লক্ষ টাকা, যা অনুমোদিত ডিপিপি ব্যয় (৪৪৪.৮৩ লক্ষ টাকা) হতে ৮৪.৭১ লক্ষ টাকা বেশী। উল্লেখিত কারনে পরবর্তীতে ডিপিপি সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দেয়। এছাড়াও ক্ষতিগ্রস্ত ভূমি মালিকদের নিকট অধিগ্রহণের চেক বিতরনে জটিলতার কারনে বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হয়।

৩৬.৪ **ক্রয় কার্যক্রমঃ** প্রকল্পের মূল ডিপিপিতে পন্য ১২ টি, কার্য ২৩ টি ও সেবা ১ টি সহ মোট ৩৬ টি প্যাকেজ অন্তর্ভুক্ত ছিল। পরবর্তীতে ১ম সংশোধিত ডিপিপিতে নতুন প্যাকেজের অন্তর্ভুক্তির কারনে মোট প্যাকেজ সংখ্যা দাঁড়ায় ৪১ টি (পন্য ১৩ টি, কার্য ২৭ টি ও সেবা ১ টি)। কার্য সংশ্লিষ্ট সকল প্যাকেজই জিওবি তহবিলের আওতায় উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (ওটিএম-এনসিটি) আহবান করা হয়। পন্য সংগ্রহ সংক্রান্ত প্যাকেজের ক্রয় কার্যক্রম আরএফকিউ ও ডিপিএম পদ্ধতি ব্যবহার করে সম্পন্ন করা হয়। সরকারি বিধি নিষেধের কারনে সেবা সংক্রান্ত প্যাকেজের ক্রয় কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয়নি।

৩৬.৫ **পরামর্শ সেবাঃ** পরামর্শ সেবা গ্রহণের প্রয়োজন হয়নি।

৩৬.৬ **ঠিকাদারঃ** প্রকল্পের ক্রয় পরিকল্পনা মোতাবেক পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮, বাপাউবোর Delegation of Financial Power-2016, সরকার ও বাপাউবোর ক্রয় সংশ্লিষ্ট পরিদপ্তর হতে সময় সময় জারীকৃত আদেশ ও বিধি বিধানের আলোকে যথাযথ প্রক্রিয়া অনুসরনপূর্বক কাজের ঠিকাদার নির্বাচন করা হয়েছে।

৩৬.৭ **লোকবলঃ** বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বিদ্যমান জনবল কাঠামো ব্যবহার করে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। সরাসরি জনবল নিয়োগের প্রয়োজন হয়নি।

৩৬.৮ **আইন শৃংখলাঃ** স্থানীয় জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন, পুলিশ প্রশাসনের সার্বিক সহযোগীতায় সুশৃঙ্খল আইন শৃংখলার পরিবেশ বজায় রেখে প্রকল্পের কাজ বাস্তবায়িত হয়েছে। বিশেষ করে নদীর খননকৃত বালু নিলাম করনের জন্য জেলা/উপজেলা পানি ব্যবস্থাপনা কমিটি, ভূমি অফিস এবং সংশ্লিষ্ট থানার পুলিশ প্রশাসনের সহযোগী ভূমিকা উল্লেখযোগ্য।

৩৬.৯ **প্রাকৃতিক দুর্যোগঃ** বছরের নির্ধারিত সময়ে বন্যার কারনে নদীতে পানির গভীরতা বৃদ্ধি ও কাজের প্রতিকূল পরিবেশের কারনে বিভিন্ন প্যাকেজের কাজ সংশ্লিষ্ট ঠিকাদার নির্ধারিত সময়ে সমাপ্ত করতে না পারায় কাজের সময় বর্ধিতকরণ করা হয়েছে। এছাড়াও প্রাকৃতিক বিভিন্ন দুর্যোগের কারনে কাজের গুনগত মান ক্ষতিগ্রস্ত হওয়ায় পুনরায় তা মেরামত করতে সময়ের অপচয় হয়েছে।

৩৬.১০ **প্রকল্পে অর্থায়নঃ** প্রকল্পের সকল প্যাকেজের কাজ বাংলাদেশ সরকারের জিওবি অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

৩৬.১১ **বরাদ্দ ও অর্থ ছাড়ঃ** প্রকল্পটি ২০১৮-২০১৯ অর্থবছর (এপ্রিল/২০২০) হতে বাস্তবায়নের অনুমোদন থাকলেও বরাদ্দ না থাকায় এবং জিও জারী, প্রশাসনিক অনুমোদন ও প্রকল্প পরিচালক নিয়োগ না হওয়ায় উক্ত অর্থবছরে কাজ শুরু করা সম্ভব হয় নি। ২০১৯-২০ অর্থবছরে বরাদ্দ প্রদান ও ছাড় করা হয় ২৫০.০০ লক্ষ টাকা। ২০২০-২১ অর্থবছরে সংশোধিত এডিপিতে ৫৪০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হলেও মাত্র ৩৮৭২.০০ লক্ষ টাকা অর্থছাড় করা হয়। ২০২১-২২ অর্থবছরে ৪০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয় এবং ছাড় করা হয় ৩৯৭২.৫০ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থ

বছরে প্রকল্পের অনুকূলে আরএডিপি বরাদ্দ ৬০০০.০০ লক্ষ টাকা হলেও ছাড়কৃত অর্থের পরিমাণ ৪১৯৫.০৯ লক্ষ টাকা। সর্বশেষ ২০২৩-২৪ অর্থবছরে সংশোধিত এডিপিতে ২৩৩৫.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয় এবং ছাড় করা হয় ২২৭২.৯৫ লক্ষ টাকা। প্রকল্পের বিভিন্ন আর্থিক বছরে চাহিদার বিপরীতে বরাদ্দ ও অর্থছাড়ের পরিমান কম হওয়ায় প্রকল্পের সার্বিক অগ্রগতি বাধাগ্রস্ত হয়।

৩৬.১২ **নকশা প্রস্তুত ও অনুমোদনঃ** প্রকল্পের ভৌত কাজের নকশা প্রণয়নের জন্য মাঠ পর্যায়ে জরিপ করত নকশা উপাত্ত সংগ্রহ করা হয়। প্রেরিত নকশা উপাত্তের উপর ভিত্তি করে বাপাউবোর ডিজাইন সার্কেল-৬ হতে নকশা প্রণয়ন ও অনুমোদিত হয়েছে। এছাড়াও মাঠ পর্যায়ের বাস্তবতা ও কারিগরী দিক বিবেচনায় কাজ বাস্তবায়নকালীন সময়ে বিভিন্ন প্যাকেজের নকশা সংশোধনের প্রয়োজন হলে বাপাউবোর ডিজাইন সার্কেল-৬ হতে সংশোধিত নকশা প্রস্তুত করা হয়। অনেক সময় নকশা প্রাপ্তিতে বিলম্বের কারনে কাজের অগ্রগতি বাধাগ্রস্ত হয়।

৩৬.১৩ **প্রকল্প সহায়তা ছাড়করণ এবং পূর্ণভরণঃ** প্রযোজ্য নয়।

৩৬.১৪ **মেয়াদ ও ব্যয় বৃদ্ধিঃ** মূল ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়নকাল ছিল এপ্রিল, ২০১৯ হতে জুন, ২০২২ পর্যন্ত। পরবর্তীতে প্রকল্পের বিভিন্ন প্যাকেজের ডিজাইন পরিবর্তন জনিত কারনে সংশোধিত ডিপিপিতে বিভিন্ন অঙ্গের কাজের পরিমান বৃদ্ধি পায় একই সাথে নতুন কিছু প্যাকেজের অন্তর্ভুক্তির কারনে কাজ সমূহ বাস্তবায়নের লক্ষ্যে সংশোধিত ডিপিপির মেয়াদকাল জুন, ২০২২ এর পরিবর্তে জুন, ২০২৩ নির্ধারন করা হয়। কিন্তু প্রকল্পের বিভিন্ন আর্থিক বছরে বরাদ্দের অপ্রতুলতা, কোভিড-১৯ সময়কালে ও পরবর্তীতে বৈশ্বিক অর্থনৈতিক মন্দার প্রভাবে জ্বালানী তেল, পাথর, সিমেন্টসহ অন্যান্য নির্মাণ সামগ্রীর মূল্যবৃদ্ধি, ভূমি অধিগ্রহণ কাজে সৃষ্ট জটিলতা ও বৃক্ষরোপনের জন্য বন বিভাগের সাথে সমঝোতা স্মারক চুক্তি (MoU) স্বাক্ষরের দীর্ঘসূত্রিতার কারনে বিভিন্ন প্যাকেজের কাজ নির্ধারিত সময়ে বাস্তবায়ন করা সম্ভব না হওয়ায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন, ২০২৩ হতে জুন, ২০২৪ পর্যন্ত ০১ (এক) বছর বৃদ্ধি অনুমোদিত হয়।

৩৬.১৫ **তত্ত্বাবধান/পরিবীক্ষণঃ** প্রকল্পটি তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর পানি উন্নয়ন সার্কেল-২, বাপাউবো, রংপুর এর কারিগরী ও প্রশাসনিক তদারকির মাধ্যমে নির্বাহী প্রকৌশলী, নীলফামারী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নীলফামারী এবং নির্বাহী প্রকৌশলী, সৈয়দপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, সৈয়দপুর, নীলফামারী এর দপ্তরাধীন বিদ্যমান জনবল কাঠামো ব্যবহার করে বাস্তবায়িত হয়েছে। বাস্তবায়নকালীন সময়ে উর্দ্ধতন দপ্তর যেমন পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি, আইএমইডি প্রতিনিধি, পরিকল্পনা মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং বাপাউবো'র কেন্দ্রীয় দপ্তরের প্রতিনিধিবর্গ প্রকল্পের বিভিন্ন পর্যায়ের পরিবীক্ষণ সহ মধ্যবর্তী মেয়াদে মূল্যায়ন প্রদান করেছেন।

৩৬.১৬ **সিদ্ধান্ত গ্রহণে বিলম্বঃ** মাঠ পর্যায়ে কাজ বাস্তবায়নকালীন সময়ে বিভিন্ন বিষয়ে জটিলতার উদ্ভব ঘটলে এর সমাধানের জন্য উর্দ্ধতন কর্মকর্তাদের সাথে আলোচনা করে প্রয়োজনীয় সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এক্ষেত্রে সাময়িকভাবে কাজের অগ্রগতি বাধাগ্রস্ত হয়েছে।

৩৬.১৭ **যানবাহনঃ** প্রকল্পের সংস্থানকৃত একটি একটি পিকআপ ও একটি মোটর সাইকেল প্রকল্প মনিটরিং এর জন্য যথেষ্ট না হওয়ায় বিকল্প ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাইট তদারকি করতে হয়েছে। এতে করে যাতায়াতের অসুবিধার কারনে কালক্ষেপন হয়েছে যা প্রকল্পের কাজের জন্য সহায়ক হয়নি। সরকারী ব্যয়ে কৃচ্ছ্রতা সাধনকল্পে যানবাহন খাতে সরকারের বিধি নিষেধের কারনে মোটর সাইকেলটি শেষ পর্যন্ত ক্রয় করা সম্ভব হয়নি।

৩৬.১৮ **প্রশিক্ষণঃ** প্রকল্পটির রাজস্ব খাতে বৈদেশিক প্রশিক্ষণ এর অঙ্গ অন্তর্ভুক্ত থাকলেও কোভিড-১৯ কালীন সময় এবং পরবর্তী বৈশ্বিক মন্দা অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারী ব্যয়ে কৃচ্ছ্রতা সাধনের লক্ষ্যে বৈদেশিক ভ্রমণ/ওয়ার্কশপ/সেমিনারে অংশগ্রহণ বন্ধ রাখা হয়। ফলে প্রকল্পটির আওতায় কোনরূপ প্রশিক্ষণ গ্রহণ সম্ভব হয়নি।

৩৬.১৯ **অনুমোদনঃ** প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে দরপত্র প্রণয়ন ও অনুমোদনের ক্ষেত্রে সরকারী বিধি বিধান অনুসরন করা হয়েছে।

৩৬.২০ **অন্যান্যঃ** ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পটির ব্যয় ১৬৯১৮.৪১ লক্ষ টাকা এবং প্রকল্প সমাপ্তির পরে ক্রমপুঞ্জিভূত ব্যয় ১৪২৪৭.৪২ লক্ষ টাকা। অর্থাৎ প্রকল্পটি থেকে সরকারের ২৬৭০.৯৯ লক্ষ টাকা অর্থের সাশ্রয় হয়েছে।

**৩৭. প্রকল্প পরিচালকের মতামত এবং সুপারিশ:** "নীলফামারী জেলার চাড়ালকাটা নদী সোজাকরণ এবং বুড়িতিস্তা নদী তীর সংরক্ষণ" শীর্ষক প্রকল্পটি নীলফামারী জেলার চাড়ালকাটা ও বুড়িতিস্তা নদীর ভাঙ্গন রোধ এবং বন্যা নিয়ন্ত্রণকল্পে গ্রহণ করা হয়। প্রকল্পটি অনুমোদিত বর্ধিত সময়ের (জুন/২০২৪) মধ্যে সন্তোষজনকভাবে সম্পন্ন হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে অত্র জেলার সদর উপজেলাধীন চাপড়া ইউনিয়ন এবং কিশোরগঞ্জ উপজেলার নিতাই ইউনিয়নে লুপ-কাটিংসহ চারালকাটা নদীর ভাঙ্গন রোধ করা সম্ভব হয়েছে। জলঢাকা উপজেলায় বুড়িতিস্তা নদীর ডান ও বাম তীরের ভাংগন হতে বুড়িতিস্তা বন্যা নিয়ন্ত্রণ বাঁধ রক্ষা করা সম্ভব হয়েছে; ফলে প্রকল্প এলাকায় বন্যার প্রকোপ হ্রাসের কারনে খাদ্যশস্য উৎপাদান বৃদ্ধি পেয়েছে এবং প্রকল্প এলাকায় বসবাসরত ৪.০ লক্ষাধিক জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নতির পাশাপাশি পরিবেশ, জীব-বৈচিত্র রক্ষা পেয়েছে। প্রকল্প এলাকায় দারিদ্র্য বিমোচন এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। একইসাথে নারীর ক্ষমতায়নের দ্বার উন্মোচিত হয়েছে। নদীর নাব্যতা বৃদ্ধির কারণে নৌপথে যোগাযোগ ব্যবস্থা গড়ে উঠছে, এতে করে প্রকল্প এলাকাটি ধীরে ধীরে নগরায়নের দিকে ধাবিত হবে ফলে সরকার ও বিভিন্ন এনজিও বিনিয়োগে আগ্রহী হবে। প্রকল্প এলাকায় নতুন রাস্তা

ঘাট, বিভিন্ন সরকারী স্থাপনা, স্কুল কলেজ, হাট বাজার সহ বিভিন্ন অবকাঠামো নির্মিত হবে। এছাড়াও গ্রামীণ আর্থ সামাজিক অবস্থার উন্নতির ফলে প্রকল্প এলাকা আধুনিকতার ছোঁয়া পাবে, মানুষের ক্রয় ক্ষমতা বৃদ্ধি পাওয়ায় জীবনযাত্রার মানোন্নয়ন ঘটবে। প্রকল্পটি বিশেষভাবে সরকারের SDG, প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২১, পানি ব্যবস্থাপনার সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা, ডেল্টা প্লান-২১০০ এর সাথে সরাসরি সম্পর্কযুক্ত। প্রকল্পের ফলাফল টেকসই করার জন্য জনগনের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। এছাড়াও প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা ও অন্যান্য সংস্থার মধ্যে সমন্বয় করে কার্যকর ও দক্ষ ব্যবস্থপনা এবং সুশাসন নিশ্চিত করতে হবে। প্রকল্পের অর্জিত সুফল ভোগ করা সহ কাংখিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য পাউবো, স্থানীয় প্রশাসন সহ জনগনের সরাসরি অংশগ্রহণের মাধ্যমে নিয়মিত তদারকি নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে প্রকল্পের সুবিধাভোগী জনগনকে সার্বিক বিষয়ে জ্ঞাত করে প্রাথমিক করণীয় কার্যাবলী সম্পর্কে প্রশিক্ষণ এবং স্থানীয়ভাবে সার্বক্ষণিক মনিটরিং এর জন্য উৎসাহ প্রদান করতে হবে। ফলে প্রকল্পের সৃষ্ট সুবিধাদি টেকসই হওয়ার পাশাপশি গ্রামীণ আর্থ সামাজিক অবস্থা, ব্যবসা-বানিজ্য ইত্যাদি ক্ষেত্রে ইতিবাচক প্রভাব তৈরি হবে। এছাড়াও প্রাকৃতিক পরিবেশের যথাযথ ব্যবস্থাপনার মাধ্যমে প্রকল্প এলাকার পরিবেশের উত্তর উত্তর উন্নতির মাধ্যমে পরিবেশ বান্ধব টেকসই উন্নয়ন সম্ভব হবে।

(Md. Ahsan Habib)
Superintending Engineer
Rangpur Water Development Circle
BWDB, Rangpur
&
Project Director.

তারিখ:..............................

প্রকল্প পরিচালকের নাম ও পদবিসহ স্বাক্ষর ও সীল

৩৮. সংস্থা প্রধানের মতামত এবং সুপারিশ: নীলফামারী জেলার সদর, কিশোরগঞ্জ ও জলঢাকা উপজেলায় চাড়ালকাটা ও বুড়িতিস্তা নদীর ভাঙ্গন রোধ এবং বন্যা নিয়ন্ত্রণকল্পে প্রকল্পটি গ্রহণ এবং বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্পটির আওতায় নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের ফলে প্রকল্প এলাকায় নদী ভাঙ্গণ রোধ করা গিয়েছে এবং প্রকল্প এলাকার জনগণের স্থাবর ও অস্থাবর সম্পত্তি নদী ভাঙ্গানের কবল হতে রক্ষা পেয়েছে। এছাড়াও, প্রকল্পের আওতায় নদী পুনঃখনন, লুপকাটিং এবং বন্যা নিয়ন্ত্রণ বাঁধ মেরামত করা হয়েছে। ফলে, প্রকল্প এলাকায় বন্যা ঝুঁকি হ্রাস পেয়েছে। এতে প্রকল্প এলাকার জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি সাধিত হয়েছে। প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হওয়ায় প্রকল্পটির বাস্তবায়ন সার্থক বলে প্রতীয়মান হয়।

তারিখ:...০৫/১২/২৪...........

(মুহাম্মদ আমিরুল হক ভূঞা)
মহাপরিচালক
বাপাউবো, ঢাকা

সংস্থা প্রধানের নাম ও পদবিসহ স্বাক্ষর ও সীল

৩৯. মন্ত্রণালয়/বিভাগ এর সচিব/সিনিয়র সচিবের মতামত এবং সুপারিশ: প্রকল্পটির বাস্তবায়ন সফলভাবে সম্পন্ন হয়েছে। প্রকল্পের সুফল অব্যাহত ও স্থায়ী রাখার জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক নিয়মিত পরিচালন ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে হবে।

তারিখ:......................................

মন্ত্রণালয়/বিভাগ এর সচিব/সিনিয়র সচিবের স্বাক্ষর ও সীল